


নবদ্বীপ পঞ্চায়েত সমিতি
মহেশগঞ্জ, নদীয়া

বিজ্ঞপ্তি
ফেরীর নীলাম বিক্রয় নোটিশ

এতদ্বারা সর্বসাধারণকে জানানো হচ্ছে যে, নবদ্বীপ পঞ্চায়েত সমিতির অধীনস্থ ফেরী ঘাটের নীলাম ডাক নবদ্বীপ পঞ্চায়েত সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হবে। অতএব উক্ত ফেরীর সংযোজিত তথ্য সারণী নীলাম ডাকের নির্ধারিত, নগদ আমানত মূল্য প্রস্তাবিত ইজারার কার্যালয়ের মেয়াদ, সর্বনিম্ন ডাক মূল্য ও অন্যান্য নিয়মাবলী সংক্ষেপে নিম্নে প্রদর্শিত হল।

নীলাম বিক্রয় নিয়মাবলী

নীলামে অংশগ্রহনকারীকে ১৮ বছর বা তার উর্ধ্বে হতে হবে। প্রয়োজনবোধে অংশগ্রহনকারীর শংসাপত্র, পরিচয় পত্র, প্যান কার্ড দেখাতে বাধ্য থাকবেন। অংশগ্রহনকারীকে নীলামের পূর্বে আমানত হিসাব ৫০০০.০০ টাকা জমা দিতে হবে। যা নীলামের পরে ফেরত যোগ্য। যিনি সর্বোচ্চ ডাক দেবেন ডাক অস্ত্রে সেই দিনই সমুদয় অর্থ পঞ্চায়েত সমিতির তহবিলে জমা দিতে হবে। নতুবা তার আমানতের টাকা বজেয়াপ্ত করা হবে। নিজ দায়িত্বে সরোজমিনে ফেরী ঘাটের দখল গ্রহন করবেন। এই নীলাম ডাক কর্তৃপক্ষ কোনো কারন দর্শানো ছাড়াই সর্বোচ্চ ডাক বাতিল অথবা গ্রহন করতে পারবেন।


নির্বাহী আধিকারিক
নবদ্বীপ পঞ্চায়েত সমিতি
Executive Officer
Nabadwip Panchayat Samity

তথ্য সারণী

- ১) ফেরীর নাম - সরডাঙ্গা গোমাঘর
- ২) নীলাম বিক্রয়ের তারিখ ও সময় - ২৯/০২/২০১৬ তারিখে বেলা ১২.০০ ঘটিকায়
- ৩) ইজারার সময় সীমা - ১ বৎসর
- ৪) সর্বনিম্ন ডাক - ৫৫০০০.০০ টাকা (পঞ্চাশ হাজার) টাকা
- ৫) জলযান - নৌকা
- ৬) ব্যবস্থা সমূহ - ইজারাদারকে নিজ ব্যয়ে দুই পারে ওঠা নামার জন্য রাস্তা মেরামতাদি এবং উভয় তীরে আলোর বন্দোবস্ত করতে হবে। আরোহীদের বিশ্রামার্থে উভয় তীরে একটি বিশ্রাম গৃহ ও ওঠা নামা করার জন্য মাচা করতে হবে। পঞ্চায়েত সমিতি লিখিত পারানীর তালিকা ঘাটের উভয় পার্শে প্রকাশ্য স্থানে লটকিয়ে রাখতে হবে। তদানুসারে পারানী আদায় করবেন। ইজারাদার তার সময়কালে প্রতিদিন খেয়া চালাতে বাধ্য থাকবেন।

৭) মাশুল আদায়ের বিধি নিষেধ:

নিম্নলিখিত ব্যক্তি ও দ্রব্য পারাপার করার জন্য ইজারাদার মাশুল আদায় করতে পারবেন না।

- ক) ডাক ও তার বিভাগের কর্মী ও গাড়ী সরকারী কার্য উপলক্ষে পারাপার কর
- খ) কমিশরিয়টের দ্রব্যাদি জন্তু ও ধান যখন কমিশরিয়টের কর্তৃপক্ষের চালানসহ পারাপার করবেন।
- গ) সামরিক কর্তৃপক্ষ সৈনিক ও তাদের জিনিসপত্র সরকারী কার্য উপলক্ষে ভ্রমণ কালে
- ঘ) সরকারী কাজে পুলিশ ও অন্যান্য সরকারী কর্মচারী ও তাদের লোকজন জিনিসপত্র নিয়ে পারাপার করবেন।
- ঙ) পঞ্চায়েত সমিতির কর্তৃপক্ষ, সদস্য ও কর্মচারী যখন সমিতির কার্যপলক্ষে যাবেন।
- চ) রাস্তা ও অন্যান্য কাজের জন্য পঞ্চায়েত সমিতির নিযুক্ত কুলি ও তাদের যন্ত্র বা হাতিয়ার সমেত।
- ছ) যে ব্যক্তির পুলিশের প্রেরিত মৃতদেহ বা সম্পত্তি সহ নিয়ে।
- জ) স্কুলের ছাত্র ছাত্রীদের স্কুলে যাবার ও ফিরবার সময়।
- ঝ) ৫ বৎসর বা তার কম বয়স্ক শিশু।
- ঞ) পঞ্চায়েত সমিতির দ্রব্যাদি বোঝাই গাড়ী যখন উপযুক্ত কর্তৃপক্ষের ছাড়পত্র চালকের সঙ্গে থাকবে।
- ট) সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের কর্তৃপক্ষ সদস্য ও সদস্য ও কর্মচারীর পঞ্চায়েত সমিতির কার্যপলক্ষে গমনাগমনকালে।

৮) অন্যান্য

- ক) ইজারাদারকে ফেরীঘাটের আইন ও আইনের সমস্ত নিয়মগুলি বর্তমানে যা আছে ও ভবিষ্যতে যা হবে তা পালন করে ঘাটের কার্য চালাতে হবে।
- খ) ফেরীতে প্রত্যেক নৌকায় বোঝায় পরিমাপক রেখা (লোড লাইন রং দ্বারা চিহ্নিত না করে ইজারাদার ফেরী চালাতে পারবেন না।
- গ) সর্বোচ্চ ডাককারীকে ডাকের শেষেই ডাকের সম্পূর্ণ টাকা জমা দিতে হবে। নচেৎ সর্বোচ্চ ডাক বাতিল করে দ্বিতীয় ডাককারীকে ডাকের টাকা জমা দেওয়ার সুযোগ দেওয়া হবে।

Smah
08/02/16

সভাপতি

সভাপতি

নবদ্বীপ পঞ্চায়েত সমিতি

স্মারক নং-১১৪(১৪)/নবদ্বীপ

ব্যাপক প্রচারের জন্য বিজ্ঞপ্তি জারি হল :-

১-৮) প্রধান গ্রাম পঞ্চায়েত।

৯) নবদ্বীপ থানা

১০) নবদ্বীপ পঞ্চায়েত সমিতির নোটিশ বোর্ড

১১) নদীয়া জেলা পরিষদের নোটিশ বোর্ড

১২) নবদ্বীপ জলপথ পরিবহন।

১৩) মহেশগঞ্জ ফেরীঘাট

১৪) বিরোধী দলনেতা, নবদ্বীপ পঞ্চায়েত সমিতি

Smah
08/02/16

সভাপতি
নবদ্বীপ পঞ্চায়েত সমিতি

Smah
নির্বাহী আধিকারিক

Executive Officer
নবদ্বীপ পঞ্চায়েত সমিতি Panchayat Samity

তারিখ-৮/২/২০১৬

Smah
নির্বাহী আধিকারিক

নবদ্বীপ পঞ্চায়েত সমিতি
Executive Officer
Nabadwip Panchayat Samity